


দেশের সব সরকারি-বেসরকারি স্কুলে ভর্তির লটারি ১১ ডিসেম্বর

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

দেশের সব সরকারি স্কুল এবং মহানগর ও জেলা উপজেলা সদরের বেসরকারি স্কুলে প্রথম থেকে নবম শ্রেণিতে নতুন শিক্ষার্থী ভর্তির আবেদন শুরু হয়েছে। আজ রবিবার (৩০ নভেম্বর) থেকে শুরু হওয়া এই আবেদন প্রক্রিয়া চলবে ৫ ডিসেম্বর পর্যন্ত। এরপর ১১ ডিসেম্বর লটারির মাধ্যমে চূড়ান্তভাবে শিক্ষার্থী বাছাই করা হবে।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) মাধ্যমিক শাখার পরিচালক প্রফেসর ড. খান মইনুন্দিন আল মাহমুদ সোহেল গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, কেন্দ্রীয়ভাবে লটারির মাধ্যমেই

এবার ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে।

মাউণ্ডি সূত্রে জানা গেছে, এবার মোট ৪ হাজার
৪৮টি বিদ্যালয়ে ভর্তি কার্যক্রম চলবে। এসব
স্কুলে মোট আসন সংখ্যা ১১ লাখ ৯৩ হাজার
২৮১টি। এর মধ্যে ৩ হাজার ৩৬০টি বেসরকারি
বিদ্যালয়ে আসন আছে ১০ লাখ ৭২ হাজার
২৫১টি।

আর সরকারি ৬৮৮টি স্কুলে সিট রয়েছে ১ লাখ
২১ হাজার ৩০টি।

আবেদন প্রক্রিয়া-

এবার ভর্তি আবেদনে কিছু পরিবর্তন আনা
হয়েছে।

আবেদন

করতে gsa.teletalk.com.bd ওয়েবসাইটে গিয়ে
ফরম পূরণ করতে হবে। আবেদন ফি জমা
দিতে হবে টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর
থেকে এসএমএস-এর মাধ্যমে।

প্রতিটি আবেদনের জন্য ফি নির্ধারণ করা
হয়েছে ১০০ টাকা।

এসএমএস-এর মাধ্যমে ফি জমা দেওয়ার

নিয়ম:

প্রথম এসএমএস : GSACUser ID (ওয়েবসাইট

থেকে প্রাপ্ত) লিখে পাঠাতে হবে ১৬২২২ নম্বরে।

ফিরতি এসএমএস : শিক্ষার্থীর নামসহ একটি

পিন নম্বর পাওয়া যাবে, যা দিয়ে দ্বিতীয়

এসএমএসটি করতে হবে।

আবেদন ফরম জমা দেওয়ার সময় শিক্ষার্থীর

রঙিন ছবি (৩০০ × ৩০০ পিক্সেল) জেপিইজি

ফরমেটে আপলোড করতে হবে। যারা বিভিন্ন

কোটায় আবেদন করবেন, তাদের প্রযোজ্য

কোটার বক্সে টিক চিহ্ন দিতে হবে।

আবেদনপত্র সঠিকভাবে জমা হলে একটি

ইউজার আইডি পাওয়া যাবে, যা পরবর্তী ধাপে

কাজে লাগবে।

ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত যেকোনো তথ্য ও

বিস্তারিত জানা যাবে মাউশির ওয়েবসাইট

(<https://dshe.gov.bd/>) থেকে।

